IX

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JUL 1993
পৃঃ ৭ কলাম ৬

## শিক্ষা সপ্তাহের শিক্ষা

আমরা মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল থানার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা থানা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৩-এ অংশগ্রহণ করি। বিভিন্ন বিষয়ে কৃতিত্ব প্রদর্শন করিয়া পুরস্কার পাওয়ার যোগ্যতা অর্জন করিয়াছি ৭২ জন। কিন্তু দুঃখের বিষয় আমাদের কোন পুরস্কার এখনও দেওয়া হয় নাই। শ্রীমঙ্গল থানার শিক্ষা কর্মকর্তা ও থানা নির্বাহী অফিসারের সহিত দেখা করিলে তাঁহারা বলেন, কয়েকদিন পরে দেওয়া হইবে। কয়েকদিন পর দেখা করিলে বলেন, এই মাস পরে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠান হইবে। সেই মাস পার হইয়া গিয়াছে। কিন্তু এখনও পাঠান হয় নাই। এখন শিক্ষা মন্ত্রণালয়ের নিকট আমাদের প্রশ্ন, ভবিষ্যৎ জীবনে যোগ্যতা থাকা সত্ত্বেও কোন কিছু পাইবার জন্য কিভাবে ঘুরিতে হইবে? শিক্ষা সপ্তাহের মাধ্যমে তাঁহারা আমাদের কি সেই শিক্ষাই দিতে চাহিয়াছেন?

—এ, বি, এম, সামসোদ্দুহা খান, উত্তর ভাড়াউড়া, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।